

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক আফতাব গুলিবিদ্ধ

৥ ইত্তেফাক রিপোর্ট ৥  
গতকাল শনিবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডে আবাসিক এলাকার ১৯/জি নম্বর ভবনের ৪ তলার বাসায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ও বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক আফতাব আহমেদকে সন্ত্রাসীরা গুলি করে। গুলি তার পেটে ও দেহের বিভিন্ন স্থানে বিদ্ধ হয়। তাকে সংজ্ঞাহীন অবস্থায় প্রথম শমরিতা হাসপাতালে ও পরে সিএমএইচে ভর্তি করা হয়। এদিকে অধ্যাপক আফতাব আহমেদকে বাসায় ঢুকে গুলি করার ঘটনা নিয়ে ঢাকা

বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষকদের মধ্যে চরম ফোড দেখা দিয়েছে। পুলিশ ও গোয়েন্দা কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়েছেন। গতকাল রাত পৌনে ৮টায় তিন সন্ত্রাসী অধ্যাপক আফতাব আহমেদের বাসায় যায়। সন্ত্রাসীদের একজন নিচতলার সিঁড়িতে, একজন বাসায় প্রবেশের দরজায় ও অপরজন বাসায় প্রবেশ করে। তাদের পরনে জিন্সের প্যান্ট ও কালো শার্ট ছিল। এক সন্ত্রাসী বাসায় প্রবেশ করার পর পরই গৃহপরিচারিকা হালিমা এগিয়ে আসে। ঐ সময় সন্ত্রাসী জিজ্ঞাসা করে আফতাব কোথায় উত্তরে (২য় পৃঃ ৮-এর কঃ ৫ঃ)



গুরুতর আহত ড. আফতাব আহমেদ-ফোকাস বাংলা

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের (প্রথম পৃঃ পর)

হালিমা জানায়, তিনি তিতরে। সন্ত্রাসী হালিমার পিছনে পিছনে তিতরে গিয়ে দেখে আফতাব আহমেদ বসে রয়েছেন। এই অবস্থায় সন্ত্রাসী তাকে দেখে বলে উঠে- তুই এখন বসে আছিস? এই কথা বলে সন্ত্রাসী অধ্যাপক আফতাব আহমেদকে লক্ষ্য করে তিন রাউন্ড গুলি করে দ্রুত পালিয়ে যায়। তার প্রতিবন্ধী কন্যা আদুরিতাকে (৮) স্ত্রী নূরুন্নাহান পাশের কক্ষে ভাত বাওয়াছিলেন। গুলির শব্দ পেয়ে স্ত্রী ও তিন কাজের মেয়েসহ পরিবারের সদস্য এবং প্রতিবেশীরা অধ্যাপক আফতাব আহমেদের কক্ষে ছুটে যান। গুলিবিদ্ধ হয়ে মোকতে পড়ে থাকা অবস্থায় অধ্যাপক আফতাব আহমেদকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। পাশের কক্ষে অবস্থানকারী অধ্যাপক আফতাব আহমেদের ভাগ্নে জুয়েল হক বলেন, কিছু বুঝে ওঠার আগেই অধ্যাপক আফতাবকে গুলি করে সন্ত্রাসীরা দ্রুত পালিয়ে যায়। তার অনেক শফ। ঐ সফরা এই ঘটনা ঘটিয়েছে বলে জুয়েল জানান।  
গতকাল রাত ৯টা ৫১ মিনিটে সরকার ঘোষিত ২৩ শীর্ষ সন্ত্রাসীর অন্যতম সদস্য বন্দকার ডানডীর ইসলাম জয় দৈনিক ইত্তেফাকে পাঠানো এক ফ্যাক্স বার্তায় অধ্যাপক আফতাব আহমেদের ওপর গুলিবির্ষণের দায়িত্ব স্বীকার করে বলেছে, জাতীয় সনাতকে অবমাননা করার কারণে অধ্যাপক আফতাব আহমেদকে হত্যার উদ্দেশ্যে গুলি করা হয়।